

নৌযানের ফিটনেস ও লাইসেন্স প্রদানের বিষয়ে সচেতন থাকতে নৌপরিবহন সচিবের নির্দেশ

ঢাকা, ১৯ ডিসেম্বর;

নৌপরিবহন সচিব মোঃ আবদুস সামাদ বলেছেন, আইন-বিধি মেনে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সাথে কাজ করতে হবে। সরকারি চাকুরীর আচরণ ও শৃংখলা মেনে সেবা গ্রহীতাকে দ্রুত সেবা প্রদান করতে তিনি কর্মকর্তাদের অনুরোধ জানান।


তিনি আজ মন্ত্রণালয়ের সভাকক্ষে নৌপরিবহন অধিদপ্তরের সহকারি পরিচালক ও পরিদর্শকদের এক ওরিয়েন্টেশন কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে এসব কথা বলেন।

সচিব বলেন, নৌপরিবহন অধিদপ্তর একটি গুরুত্বপূর্ণ সংস্থা। এ দপ্তরের উল্লেখযোগ্য কার্যক্রমের মধ্যে নৌযানের সার্ভে করা, ডিজাইন প্রদান, ডিজাইনের মান নিয়ন্ত্রণ, ইন্টারন্যাশনাল মেরিটাইম অর্ডিন্যান্স (আইএমও) এবং ইনল্যান্ড শিপিং অর্ডিন্যান্স (আইএসও) এর রুলস ও রেগুলেশন অনুযায়ী জাহাজ চলাচল ইত্যাদি। এসকল ক্ষেত্রে বিশেষ করে নৌযানের ফিটনেস ও চালকদের লাইসেন্স প্রদানের বিষয়ে অধিকতর সচেতন থাকতে তিনি কর্মকর্তাদের নির্দেশ দেন।

কোর্সে নৌপরিবহন মন্ত্রণালয়ের সার্বিক কার্যক্রম, পদের দায়িত্বাবলী, সরকারি চাকুরীর আচার-আচরণ, শৃংখলাও সেবা গ্রহীতাকে দ্রুত সেবা প্রদানসহ সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ে ধারণা প্রদান করা হয়।

ওরিয়েন্টেশন কোর্সে নৌপরিবহন অধিদপ্তর, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর এবং সরকারি শিপিং অফিসের ৩৫ জন কর্মকর্তা অংশ নেয়।

এসময় অন্যান্যের মধ্যে বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান তপন কুমার চক্রবর্তী, বিআইডব্লিউটিসি'র চেয়ারম্যান মোঃ মফিজুল হক, বিআইডব্লিউটিএ'র চেয়ারম্যান কমডোর এম মোজাম্মেল হক ও নৌপরিবহন অধিদপ্তরের মহাপরিচালক কমডোর সৈয়দ আরিফুল ইসলাম উপস্থিত ছিলেন।


(মোঃ জাহাঙ্গীর আলম খান)
সিনিয়র তথ্য ও জনসংযোগ কর্মকর্তা
নৌপরিবহন মন্ত্রণালয়
০১৭১১৪২৫৩৬৪
jahangirpro66@gmail.com